

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
 স্থানীয় সরকার বিভাগ
 উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
 গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.২৭.০০২.২০-২৯৮;

তারিখ: ২৩/০৭/২০২০ খ্রি:

বিষয় : চাঁদপুর জেলাধীন কঁচুয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব শাহ-জাহান শিশির কর্তৃক উপ-সহকারী প্রকৌশলী কে ঘৃষি, চড়, থাপ্পির মারা এবং বাঁশ দিয়ে পিটিয়ে আহত করার বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, চাঁদপুর এর স্মারক নং-৬২১, তাঁ- ২০/০৭/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সুত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কঁচুয়া শহীদ স্মৃতি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে “সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন” শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরে ৬ তলা একাডেমিক ভবনের নির্মাণ কাজে ঠিকাদার নির্মাণ কাজ ঠিকমত করছে না ও পাথরের গুনগত মান নিয়ে আপত্তি ইত্যাদি কারণে গত ১৯/০৭/২০ তারিখে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ নুর আলম কে সাথে নিয়ে উপজেলা নির্বাহী অফিসার নির্মাণ কাজ পরিদর্শনকালে কঁচুয়া উপজেলা চেয়ারম্যান জনাব শাহ-জাহান তার দলবলসহ নির্মাণ সাইটে প্রবেশ করে কারো সাথে কোন কথাবার্তা না বলে অর্তকিত ভাবে উপ-সহকারী প্রকৌশলী কে ঘৃষি, চড়, থাপ্পির মারেন ও বাঁশ দিয়ে পিটিয়ে আহত করেন এবং অকথ্য ভাষায় গালিগালাজ করেন।

এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উপজেলা পরিষদ সদস্য ও মহিলা সদস্যদের (অপসারণ, অনাস্থা ও পদ-শূন্যতা) বিধিমালা, ২০১৬ অনুযায়ী তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


 ১০/০৭/২০

সংযুক্ত : বর্ণনামতে ০৩ পৃষ্ঠা।

মোহাম্মদ জহিরুল ইসলাম

উপসচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

বিভাগীয় কমিশনার
চট্টগ্রাম।

অনুলিপি : সদয় জাতার্থে ও কার্যার্থে।

১. জেলা প্রশাসক, চাঁদপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, কঁচুয়া, চাঁদপুর।
৩. ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), কঁচুয়া, চাঁদপুর।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫. প্রোগ্রামার স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সার্টার্ট প্রকাশের অনুরোধসত্ত।)